রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, অক্টোবর ২৩, ২০২৪**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৬ কার্তিক ১৪৩১/ ২২ অক্টোবর ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.৩০১—জনাব মোঃ মাহবুব হোসেন বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৬ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করে সুদীর্ঘ প্রায় ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে গত ১৩ অক্টোবর ২০২৪ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি বাণিজ্য মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

০২। জনাব মোঃ মাহবুব হোসেন গত ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব পদে এবং গত ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সরকারের সিনিয়র সচিব হিসেবে পদোন্নতিপ্রাপ্ত হয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে যোগদান করেন। তিনি গত ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদ মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নিয়োগ লাভ করে সরকার ও রাষ্ট্র পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এ পদে দায়িত্বপালনকালে তিনি রাষ্ট্রপতি, প্রধান বিচারপতি, প্রধানমন্ত্রী, প্রধান উপদেষ্টা, মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদের শপথ অনুষ্ঠান পরিচালনাসহ মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ-বৈঠকে সাচিবিক সহায়তা প্রদান, সরকারের নীতি ও কর্মসূচির বাস্তবায়ন, তত্ত্বাবধান, সমন্বয় ও পরিবীক্ষণে প্রজ্ঞা ও দূরদর্শিতার স্বাক্ষর রেখেছেন।

০৩। জনাব মোঃ মাহবুব হোসেন সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, সততা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্বপালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করেন। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব মোঃ মাহবুব হোসেনকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে উপদেষ্টা পরিষদের ০১ কার্তিক ১৪৩১/ ১৭ অক্টোবর ২০২৪ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৪। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

## উপদেষ্টা পরিষদের ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : ০১ কার্তিক ১৪৩১ / ১৭ অক্টোবর ২০২৪

জনাব মোঃ মাহবুব হোসেন বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৬ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করে সুদীর্ঘ প্রায় ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে গত ১৩ অক্টোবর ২০২৪ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি বাণিজ্য মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

জনাব মোঃ মাহবুব হোসেন চাকুরি জীবনে বিভিন্ন দেশের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য সহযোগিতা আলোচনা ও নেগোসিয়েশনে সক্রিয় অংশগ্রহণ করেন। পোল্যান্ডের ওয়ারশ-এ ২০১৩ সালে এবং ২০১৪ সালে পেরুর লিমায় অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক আন্তর্জাতিক নেগোসিয়েশন Conference of Parties (COP)-এ তিনি বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য ছিলেন।

জনাব মোঃ মাহবুব হোসেন গত ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব পদে যোগদান করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দায়িত্বপালনকালে তিনি কোভিড-১৯ অতিমারিতে অনলাইনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম সচল রাখা এবং বেসরকারি স্কুল, কলেজে দীর্ঘদিন বন্ধ থাকা নিয়োগের জটিলতা দূর করে শিক্ষক নিয়োগের উদ্যোগ গ্রহণ করেন। এ ছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-কে ৩৩-তম স্থান থেকে ২য় স্থানে উন্নীত করেন।

গত ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সরকারের সিনিয়র সচিব হিসেবে পদোন্নতিপ্রাপ্ত হয়ে তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে যোগ দেন এবং গ্যাস অনুসন্ধানে সিসমিক জরিপ ও নতুন কূপ খনন, বিভিন্ন প্রভাবশালী প্রতিষ্ঠান হতে দীর্ঘদিনের বকেয়া সরকারি পাওনা আদায়, পাহাড়ি এলাকা এবং সমুদ্রে গ্যাস অনুসন্ধানের জন্য পিএসসি (production sharing contract) হালনাগাদ করা, ইউক্রেন যুদ্ধে সৃষ্ট বৈশ্বিক সংকটে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে অগ্রণী ভূমিকা পালন করেন।

গত ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদ মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নিয়োগ লাভ করে সরকার ও রাষ্ট্র পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এ পদে দায়িত্বপালনকালে তিনি রাষ্ট্রপতি, প্রধান বিচারপতি, প্রধানমন্ত্রী, প্রধান উপদেষ্টা, মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদের শপথ অনুষ্ঠান পরিচালনাসহ মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ-বৈঠকে সাচিবিক সহায়তা প্রদান, সরকারের নীতি ও কর্মসূচির বাস্তবায়ন, তত্ত্বাবধান, সমন্বয় ও পরিবীক্ষণে প্রজ্ঞা ও দূরদর্শিতার স্বাক্ষর রেখেছেন। এ পদে কার্যকালে তিনি মন্ত্রিপরিষদ বিভাগসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের শূন্যপদ পূরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সংস্কার, উচ্চ আদালতে সরকারের বিরুদ্ধে চলমান মামলা ব্যবস্থাপনার জবাবদিহিতা নিশ্চিতকরণ, গবেষণা কার্যক্রমকে উৎসাহিতকরণ, মন্ত্রিসভা/উপদেষ্টা পরিষদ-বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ জোরদারকরণ, মন্ত্রিপরিষদ বিভাগের মাঠপ্রশাসনকে জনবান্ধব ও সংবেদনশীলকরণে উদ্যোগী ভূমিকা পালন করেছেন। আন্তঃমন্ত্রণালয় সমন্বয় বৃদ্ধিতে সচিব-সভা, আন্তঃমন্ত্রণালয় বিরোধ নিষ্পত্তি এবং বিভিন্ন কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করেছেন। তাঁর উদ্যোগে War Book হালনাগাদ করে সংশ্লিষ্ট অভিরক্ষকদের নিকট প্রেরণ করা হয়েছে।

জনাব মোঃ মাহবুব হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞানে বিএসএস (সম্মান) এবং এমএসএস ডিগ্রি অর্জন করেন। তিনি যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব নর্থ লন্ডন হতে এমবিএ এবং অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব মেলবোর্ন হতে জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট বিষয়ে এমএ ডিগ্রি অর্জন করেন। তিনি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রমে রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া বেশ কয়েকটি গবেষণা কার্যক্রম পরিচালনা ও সম্পাদনায় অবদান রেখেছেন। তিনি বিভিন্ন অ্যালামনাই ও সামাজিক সংগঠনের পাশাপাশি সাহিত্য চর্চার সঙ্গে সম্পৃক্ত রয়েছেন।

জনাব মোঃ মাহবুব হোসেন সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, সততা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্বপালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করেন। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য উপদেষ্টা পরিষদ জনাব মোঃ মাহবুব হোসেনকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd